

ভক্তি ধারা

কত দূরে আছে, প্রভু, প্রেম পারাবার?
শুনতে কি পাবে মৃদু বিলাপ আমার?
তোমারি চরন আশে, ধীরে ধীরে নেমে আসে,
ভক্তি-প্রবাহ, দীন ক্ষীন জলাধার।
কঠিন বন্ধুর পথ, পলে পলে বাধা শত,
অচল হইয়া, প্রভু, পড়ে বারবার!
নীরস নিষ্ঠুর ধরা, শুষে লয় বারি-ধারা,
কেমনে দুস্তর মরু হয়ে যাবে পার?
বড় আশা ছিল প্রাণে, ছুটিয়া তোমারি পানে,
এক বিন্দু বারি দিবে চরণে তোমার।
পরিশ্রান্ত পথহারা, নিরাশ দুর্ভল ধারা,-
করুণা-কল্লোলে, তারে ডাক একবার